# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

**সচিবালয়**
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খন্ড)/১৪৭ তারিখঃ ২০ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ / ০৪ জুলাই, ২০১৮ খ্রিষ্টাব্দ

## "দপ্তরাদেশ"

বর্তমানে দেশে বন্যা পরিস্থিতি বিরাজমান থাকায় পানি উন্নয়ন বোর্ডের বাঁধ ভেঙ্গে জানমাল, ফসল, সেচ খালের ডাইক এবং অন্যান্য অবকাঠামোসহ জন-গুরুত্বপূর্ণ স্থাপনার ক্ষতি হতে পারে কিংবা বন্যা পরবর্তী সময়ে জরুরী সার্ভিস পুনঃ প্রতিষ্ঠার প্রয়োজন হতে পারে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে সার্বক্ষণিক সতর্কতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে এরূপ বন্যা পরিস্থিতি মোকাবেলা করতে হবে। মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে স্থানীয় জেলা প্রশাসক এবং স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে বন্যা মোকাবেলায় ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশ প্রদান করা হলো। বন্যাজনিত কারণে সম্ভাব্য বিপর্যয় হতে রক্ষায় তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় জরুরী ব্যবস্থা গ্রহণের স্বার্থে বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীকে স্ব-স্ব কর্মস্থলে অবস্থান করতে হবে।

বন্যাজনিত সম্ভাব্য দূর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের স্বার্থে অত্র আদেশ জারীর তারিখ হতে আগামী সেপ্টেম্বর/২০১৮ খ্রিঃ পর্যন্ত বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে সকল প্রকার ছুটি (হজ্জব্রত পালনের নিমিত্ত ছুটি ব্যতীত) মঞ্জুর স্থগিত রাখাসহ তাদের সদর দপ্তর ত্যাগ না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

একান্ত অত্যাবশ্যকীয় ক্ষেত্রে শাখা কর্মকর্তা থেকে প্রধান প্রকৌশলী পর্যন্ত কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক এর অনুমোদনক্রমে ছুটি গ্রহণ/সদর দপ্তর ত্যাগ করতে হবে। অন্যান্য কর্মচারীদের ক্ষেত্রে ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে এবং এরূপ ছুটি গ্রহণ/সদর দপ্তর ত্যাগের অনুমোদনের একটি কপি যথাসময়ে বোর্ডের সচিব বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(স্বাক্ষরিত) ০৪/০৭/২০১৮
(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো, ঢাকা।

স্মারক নং পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খন্ড)/১৪৭(২০০) তারিখঃ ২০ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ / ০৪ জুলাই, ২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কাযার্থে প্রেরণ করা হলো ঃ

১. প্রধান প্রকৌশলী/প্রধান অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/নিয়ন্ত্রক (সকল)......................., বাপাউবো, ...................।
২. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল)......................................., বাপাউবো, .......................।
৩. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। সকল মিডিয়াতে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪. চীফ ষ্টাফ অফিসার টু মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী (সকল),........................................................................, বাপাউবো, ............................।
৬. উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, .................... আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ..........................।
৭. সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (WWW.bwdb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. ব্যক্তিগত সহকারী টু অতিরিক্ত মহাপরিচালক (প্রশাঃ/অর্থ/পরিঃ/পূর্ব রিজিঃ/পশ্চিম রিজিঃ)/সচিব, বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ৬৭৮৭ · তারিখঃ ৫।৭।১৮
প্রোগ্রামার · জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২ · প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী · নথিতে পেশ করুন
অফিস সহকারী · নথিতে রাখুন
· তাগিদ পত্র দিন
সিস্টেম এনালিস্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো, ঢাকা

(স্বাক্ষরিত) ০৪/০৭/২০১৮
(শেখ মাসুদুল হক)
উপ-সচিব (প্রশাসন) (অঃদাঃ)
পরিচিতি নম্বর ৬৬০৬০১০০৬
টেলিফোন ৯৫৬১৯৫৯

F:\E\MASUD DS(Fin)\Circular.doc